**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৬, ঢাকা
২০৯/এ-বি, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, পুরানা পল্টন, ঢাকা।
www.taxeszone6.gov.bd

নথি নং-২ই-৫৫(অংশ-৩)/২০২৬-২০২৭/ ১৫৫ তারিখঃ ১৬.০৭.২০২৬ খ্রি.

## অফিস আদেশ

কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-৬, ঢাকা এর নথি নং-বিভাগীয় অভিযোগ/কর অঞ্চল-৬/২০২৫-২০২৬/৩৭৭৭, তারিখঃ ০৯.০৬.২০২৬ খ্রি. মোতাবেক জনাব মোঃ লিটন মিয়া, নোটিশ সার্ভার, সার্কেল-১২০, কর অঞ্চল-০৬, ঢাকা কে সাময়িক বরখাস্ত পূর্বক নথি নং ২ই-৫৫(অংশ-৩)/২০২৫-২০২৬/৩৮০৩, তারিখঃ ১০.০৬.২০২৬ খ্রি. মোতাবেক একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি অভিযোগকারী জনাব বিপুল সরকার, পিতাঃ রনজিত সরকার, মাতাঃ সীমা রানী সরকার এবং অভিযুক্ত জনাব মোঃ লিটন মিয়া, নোটিশ সার্ভার, সার্কেল-১২০, কর অঞ্চল-০৬, ঢাকা উভয়ের উপস্থিতিতে শুনানী গ্রহণ, লিখিত বক্তব্য এবং অধিকতর তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক ২৩.০৬.২০২৬ খ্রি. তারিখে তদন্ত রিপোর্ট দাখিল করেন।

০২। যেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত জনাব মোঃ লিটন মিয়া, নোটিশ সার্ভার, সার্কেল-১২০, কর অঞ্চল-০৬, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ "চাকুরীর প্রলোভন দেখিয়ে ৫,০০,০০০/- টাকার লেনদেন" এর সত্যতা পাওয়া যায় নাই; কিন্তু অভিযোগকারীর সাক্ষ্যনামা এবং লিখিত বক্তব্য অনুসারে জানা যায়, বিবাদী তার চিকিৎসাজনিত কারণে উক্ত অর্থ ধার হিসেবে গ্রহণ করেছেন, যা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১০ এর পরিপন্থি এবং যেহেতু, প্রথমবারের মতো এই ধরণের অপরাধ সংঘটিত হয়েছে, সেহেতু অভিযুক্ত জনাব মোঃ লিটন মিয়া কে ভবিষ্যতে এই ধরণের বিধিমালা বহির্ভূত আচরণের যেন পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সতর্ক করা হলো এবং চাকুরী বিধিমালার পরিপালনের শর্তে সাময়িক বরখাস্ত করণ সংক্রান্ত আদেশটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালকে কর্মকাল হিসেবে গণ্য করা হবে এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৬.০৭.২৬

শ্রাবণী চাকমা
কর কমিশনার
কর অঞ্চল-৬, ঢাকা।

নথি নং-২ই-৫৫(অংশ-৩)/২০২৬-২০২৭/ তারিখঃ ১৬.০৭.২০২৬ খ্রি.

**অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৬, ঢাকা।
০২। প্রশিক্ষণ সমন্বয়ক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৩। কর কমিশনারের কার্যালয়, সদর দপ্তর (লজিস্টিকস্ এন্ড মেইনটেন্যান্স), কর অঞ্চল-০৬, ঢাকা।
০৪। সংশ্লিষ্ট কর্মচারী ------------------------------------------ কর অঞ্চল-০৬, ঢাকা।
০৫। অফিস কপি।

কাজী রুকাইয়া সুলতানা
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৬, ঢাকা।
ফোনঃ ৫৫১১২৪০৫

D:\AL AMIN\OFFICE ORDER.DOCX

CamScanner